

💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৪৩] ১০. কিতাবুল আযান (کتاب الأذان) পরিচ্ছেদঃ নামায শেষে যিকির

باب الذِّكْرِ بَعْدَ الصَّلاَةِ

আরবী

الله عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: جَاءَ الْفُقَرَاءُ إِلَى النّبِيّ فَقَالُوا: ذَهَبَ أَهْلُ الدُّثُورِ مِنَ الأَمْوَالِ بِالدَّرَجَاتِ الْعُلا وَالنَّعِيمِ الْمُقِيمِ، يُصلُّونَ كَمَا نُصلِّي، وَيَصلُومُونَ كَمَا نَصلُومُ، وَلَهُمْ فَضلْلٌ مِنْ أَمْوَال يَحُجُّونَ بِهَا وَيَعْتَمِرُونَ، وَيُجَاهِدُونَ وَيَتَصدَّقُونَ. قَالَ أَلا أُحَدِّثُكُمْ إِنْ فَضلْلٌ مِنْ أَمْوَال يَحُجُّونَ بِهَا وَيَعْتَمِرُونَ، وَيُجَاهِدُونَ وَيَتَصدَدَّقُونَ. قَالَ أَلا أُحَدِّثُكُمْ إِنْ أَخَذْتُمْ بِهِ أَدْرَكْتُمْ مَنْ سَبَقَكُمْ، وَلَمْ يُدْرِكْكُمْ أَحَدٌ بَعْدَكُمْ، وَكُنْتُمْ خَيْرَ مَنْ أَنْتُمْ بَيْنَ ظَهْرَانَيْهِ، إِلاَّ مَنْ عَمِلَ مِثْلَهُ: تُسبِّحُونَ وَتَحْمَدُونَ وَتُكبِّرُونَ خَلْفَ كُلِّ صَلاةٍ ثَلاثًا وَثَلاثِينَ. ظَهْرَانَيْهِ، إلاَّ مَنْ عَمِلَ مِثْلَهُ: تُسبِّحُونَ وَتَحْمَدُونَ وَتُحْمَدُونَ وَتُكبِرُونَ خَلْفَ كُلِّ صَلاةٍ ثَلاثًا وَثَلاثِينَ. قَالَ الراوي: فَاخْتَلَفْنَا بَيْنَا، فَقَالَ: بَعْضَنَا نُسبِّحُ ثَلاثًا وَثَلاثِينَ، وَنَحْمَدُ ثَلاثًا وَثَلاثِينَ، وَنُحْمَدُ اللهِ وَالْمَمْدُ لِلَّهِ وَاللَّهُ أَكْبَرُ، وَنُكبِرُ أَرْبَعًا وَثَلاثِينَ، فَرَجَعْتُ إِلَيْهِ، فَقَالَ: تَقُولُ سُبْحَانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَاللَّهُ أَكْبَرُ، وَلَكِيمِنَ مَنْهُنَّ كُلِّهِنَ ثَلاثًا وَثَلاثِينَ

বাংলা

৪৭২) আবু হুরায়রা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ দরীদ্র লোকেরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট আগমণ করে বললঃ ধন-সম্পদের অধিকারীগণ উচ্চ মর্যাদা এবং চিরস্থায়ী নেয়ামত অর্জন করে নিয়েছে। আমাদের ন্যায় তারাও নামায কায়েম করে এবং রোযা রাখে। তাদের রয়েছে অতিরিক্ত সম্পদ। তা দিয়ে তারা হজ্জ পালন করে, উমরা করে, জেহাদে অংশ গ্রহণ করে এবং সাদকাহ করে। এ সব কথা শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ আমি কি তোমাদেরকে এমন একটি কথা বলে দিবনা? যার উপর আমল করলে নেক কাজে তোমরা অগ্রগামীদের মর্যাদা অর্জন করতে পারবে এবং তোমাদের পরে অন্য কেউ তোমাদের সমপর্যায়ে পৌঁছতে পারবে না। আর তোমাদের সমকক্ষ লোকদের মধ্যে তোমরা উত্তম বলে বিবেচিত হবে। তবে ঐ ব্যক্তির কথা ভিন্ন, যে অনুরূপ আমল করবে। তোমরা প্রত্যেক নামাযের পর তেত্রিশবার সুবহানাল্লাহ পাঠ করবে, তেত্রিশবার আল্লাহ্ আকবার পাঠ করবে।

হাদীছের বর্ণনাকারী বলেনঃ আমাদের মধ্যে মতবিরোধ হল। আমাদের কেউ বললঃ তেত্রিশবার সুবহানাল্লাহ পাঠ করবে, তেত্রিশবার আল-হাম্দুলিল্লাহ পাঠ করবে, চৌত্রিশবার আল্লাহু আকবার পাঠ করবে। আবু হুরায়রা (রাঃ)



বলেনঃ আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে গিয়ে আমাদের মতবিরোধের কথা জানালাম এবং সঠিক কথাটি জিজ্ঞেস করলাম। তিনি বললেনঃ সুবহানাল্লাহ, আল-হাম্দুলিল্লাহ, আল্লাহু আকবার পাঠ করবে। যাতে সবগুলোই তেত্রিশবার করে হয়ে যায়।

English

The Dhikr (remembering Allah by Glorifying, Praising and Magnifying Him) after As-Salat (the prayer)

Narrated Abu Huraira:

Some poor people came to the Prophet () and said, "The wealthy people will get higher grades and will have permanent enjoyment and they pray like us and fast as we do. They have more money by which they perform the Hajj, and `Umra; fight and struggle in Allah's Cause and give in charity." The Prophet said, "Shall I not tell you a thing upon which if you acted you would catch up with those who have surpassed you? Nobody would overtake you and you would be better than the people amongst whom you live except those who would do the same. Say "Subhana I-lah", "Al hamdu li I-lah" and "Allahu Akbar" thirty three times each after every (compulsory) prayer." We differed and some of us said that we should say, "Subhan-al-lah" thirty three times and "Allahu Akbar" thirty three times and "Allahu Akbar" thirty four times. I went to the Prophet () who said, "Say, "Subhan-al-lah" and "Allahu Akbar" all together [??], thirty three times.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন